69

দৈনিক ইনকিলাব

তারিখ AUG. 4 1999
পৃষ্ঠা ৫ কলাম ১



*সিলেট অফিস ঃ মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে বাংলাদেশ মাদ্রাসা ফেডারেশন সিলেটের উদ্যোগে পৌরপয়েন্টে আয়োজিত ছাত্র গণজমায়েতে বক্তব্য রাখেন আঞ্জুমানে আল ইসলাহ বাংলাদেশের সভাপতি আল্লামা হবিবুর রহমান ও আঞ্জুমানে তালামীযে ইসলামিয়ার কেন্দ্রীয় সভাপতি সৈয়দ ইউনুছ আলী —ইনকিলাব*

# হবিগঞ্জে মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে জনসভা

হবিগঞ্জ জেলা সংবাদদাতা ঃ মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র ও পবিত্র কোরআন অবমাননার প্রতিবাদে জেলার বানিয়াচং শরীয়ত বিরোধী কার্যকলাপ প্রতিরোধ কমিটির উদ্যোগে এক জনসভা অনুষ্ঠিত হয়।

বানিয়াচং বড় বাজার জামে মসজিদ প্রাঙ্গণে গত ১৪ জুলাই অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন মাওলানা আব্দুল বাছিত আজাদ।

সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন মাওলানা মুখলিছুর রহমান, মাওলানা আবদুল জলিল ইউসুফী, মাওলানা এমদাদুল্লাহ, মাওলানা আব্দুর রাজ্জাক, কারী কমর উদ্দিন, মাওলানা আতাউর রহমান, মোহাম্মদ আলী প্রমুখ।

সভায় বক্তারা বর্তমান সরকারের কঠোর সমালোচনা করে বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর থেকেই একের পর এক ইসলাম বিরোধী পদক্ষেপ গ্রহণ করে চলেছে, তারা আরো বলেন, বাংলার ১২ কোটি তৌহিদী জনতা থাকতে কোরআনের অবমাননা ও মাদ্রাসা শিক্ষা বন্ধ করা যাবে না।